# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা দ্বিতীয় পত্র

### রচনামূলক প্রশ্ন

সময় — ২ ঘন্টা　　পূর্ণমান — ৫০　　বিষয় কোড: ১০২

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**১. যে কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো:** ৫

(ক) আমার মা;

(খ) পল্লী উন্নয়ন।

**২. পত্র দরখাস্ত লেখ: (যে কোনো একটি)** ৫

(ক) এসএসসি পরীক্ষার্থীদের বিদায় উপলক্ষে বিদায় সংবর্ধনা পত্র রচনা করো।

অথবা, (খ) সড়ক দুর্ঘটনা রোধকল্পে অভিমত জানিয়ে পত্রিকায় প্রকাশের উপযোগি একটি পত্র লেখ।

**৩. সারাংশ/সারমর্ম লেখ: (যে কোনো একটি)** ১০

(ক) সারাংশ লিখ:

অভ্যাস ভয়ানক জিনিস। একে হঠাৎ স্বভাব থেকে তুলে ফেলা কঠিন। মানুষ হবার সাধনাতেও তোমাকে ধীর ও সহিষ্ণু হতে হবে। সত্যবাদী হতে চাও? তাহলে ঠিক করো সপ্তাহে অন্তত একদিন তুমি মিথ্যা বলবে না। দু' মাস ধরে এমনি করে নিজে সত্য কথা বলতে অভ্যাস করো। তারপর এক শুভদিনে আর একবার প্রতিজ্ঞা করো সপ্তাহে তুমি দু'দিন মিথ্যা কথা বলবে না। এক বছর পরে দেখবে সত্য কথা বলা তোমার কাছে অনেকটা সহজ হয়ে পড়েছে। সাধনা করতে করতে এমন একদিন আসবে যখন ইচ্ছা করেও মিথ্যা বলতে পারবে না। নিজেকে মানুষ করার চেষ্টায় পাপ ও প্রবৃত্তির সঙ্গে সংগ্রামে তুমি হঠাৎ জয়ী হতে কখনো ইচ্ছা করো না- তাহলে সব পণ্ড হবে।

http://teachingbd.com

অথবা, (খ) সারমর্ম লেখ:

দন্ডিতের সাথে
দণ্ডদাতা কাঁদে যবে সমান আঘাতে
সর্বশ্রেষ্ঠ সে বিচার, যার তরে প্রাণ
ব্যথা নাহি পায় কোনো, তরে দণ্ডদান
প্রবলের অত্যাচার, যে দণ্ড বেদনা
পুত্রের পার না দিতে, সে কারেও দিও না।
যে তোমার পুত্র নহে, তারো পিতা আছে
মহা অপরাধী হবে তুমি তার কাছে।

**৪. যে কোনো একটি বিষয়ে ভাব-সম্প্রসারণ করো?** **১০**

(ক) কীর্তিমানের মৃত্যু নাই।

(খ) সংসার সাগরে দুঃখ তরঙ্গের খেলা
আশা তার একমাত্র ভেলা।

**৫. যে কোনো একটি প্রতিবেদন লেখ:** **১০**

(ক) মনে করো, তুমি কোনো একটি পত্রিকার নিজস্ব প্রতিনিধি। 'আমরা মাদককে না বলি' নামের একটি সংস্থা কর্তৃক আয়োজিত মাদক নিবারণে যুব সমাজের ভূমিকা শীর্ষক আলোচনা সভার ওপর একটি প্রতিবেদন তৈরি করো।

অথবা, (খ) তোমার বিদ্যালয়ে 'ছাত্র-শিক্ষক অীভভাবক সম্পর্ক' শীর্ষক আলোচনার সভার ওপর একটি প্রাতিষ্ঠানিক প্রতিবেদন রচনা করো।

**৬. যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো?** **২০**

(ক) কৃষিকাজে বিজ্ঞান;

(খ) দেশভ্রমণ;

(গ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার।

Teachingbd.com

# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা দ্বিতীয় পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা বিষয় কোড: ১ ০ ২

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. 'তিনি গতকাল হাটে যাননি'— বাক্যটিতে কোন কালের বিশিষ্ট প্রয়োগ হয়েছে?**
ⓚ সাধারণ বর্তমান কাল
ⓚ সাধারণ অতীত
ⓖ পুরাঘটিত অতীত
ⓖ নিত্য বর্তমান

**২. অসমাপিকা ক্রিয়া ঘটিত বাক্যে কয় প্রকারের কর্তা দেখা যায়?**
ক এক প্রকার খ দুই প্রকার
গ তিন প্রকার ঘ চার প্রকার

**৩. নির্দেশক ভাবের সাধারণ বর্তমান কালের সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষের অনুজ্ঞার বিভক্তি কোনটি?**
ক -এন খ -উন
গ -স ঘ -ও

**৪. 'ধাতুর গণ নির্ণয় করতে কয়টি বিষয়ের প্রতি লক্ষ রাখতে হবে?**
ক ৫টি খ ৪টি
গ ৩টি ঘ ২টি

**৫. স্বরান্ত শব্দের উত্তর 'এ' বিভক্তির রূপ হয়-**
ক এ বা তে খ এরা বা রা
গ য় বা য়ে ঘ তে বা এতে

**৬. 'দুঃখের দহন কোন প্রকার সম্বন্ধ পদ?**
ক অভেদ সম্বন্ধ খ অধিকার সম্বন্ধ
গ জন্ম-জনক সম্বন্ধ ঘ হেতু সম্বন্ধ

**৭. 'দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে'— বাক্যটিতে অনুসর্গ ব্যবহৃত হয়েছে?**
ক প্রাতিপদিকের পরে
খ বিশেষণের পরে
গ বিভক্তিযুক্ত শব্দের আগে
ঘ প্রাতিপাদিকের আগে

**৮. ভাষার মূল উপকরণ কী?**
ক ধ্বনি খ বর্ণ
গ শব্দ ঘ বাক্য

**৯. শব্দের যোগ্যতার বিকাশের সাথে কয়টি বিষয় জড়িত?**
ক ৩টি খ ৪টি
গ ৫টি ঘ ৬টি

**১০. 'যা বলার যোগ্য নয়' তাকে এক কথায় কী বলে?**
ক অকথ্য খ অযোগ্য
গ অব্যক্ত ঘ অনুক্ত

**১১. 'ঋষির দ্বারা উক্ত' এর সংক্ষেপন কোনটি?**
ক ঋষি বাক্য খ আর্য
গ প্রবাদ বাক্য ঘ প্রবচন

**১২. 'রাবণের চিতা' বাগধারাটির অর্থ কী?**
ক ভীষণ চক্রান্ত
খ ভীষণ শত্রুতা
গ চির অশান্তি
ঘ খণ্ড ঝগড়া

**১৩. 'অন্তর মম বিকশিত কর, অন্তরতর হে'— বাক্যটিতে 'অন্তর' কোনটি বোঝাতে ব্যবহৃত হয়েছে?**
ক মন খ অন্য
গ আত্মীয় ঘ ব্যবধান

**১৪. মূল ক্রিয়ার সঙ্গে সহযোগী ক্রিয়ার সংযোগ ও বিভিন্ন অর্থে ভাবাচ্যের ক্রিয়া গঠিত হয়— এর উদাহরণ কোনটি?**
ক এ ব্যাপারে আমাকে দোষী করা চলে না
খ রোগী পথ্য সেবন করে
গ আসামিকে জরিমানা করা হয়েছে
ঘ এ পথে চলা যায় না

**১৫. একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা বোঝাতে কোন চিহ্ন বসে?**
ক ড্যাস খ কোলন
গ সেমিকোলন ঘ ইলেক

**১৬. বাগভঙ্গি কী?**
ক শব্দভঙ্গি খ মুখভঙ্গি
গ কথাভঙ্গি ঘ নানা ভঙ্গিতে উচ্চারণ

**১৭. বাক্যে বহুপদময়ী বিশেষণ কোথায় বসে?**
ক প্রথমে খ বিশেষ্যের পূর্বে
গ সর্বনামের পূর্বে ঘ বাক্যের শেষে

**১৮. 'তামার বিষ' বাগধারাটির অর্থ কী?**
ক ক্ষণস্থায়ী বস্তু খ অর্থের কুপ্রভাব
গ অসম্ভব বস্তু ঘ তীব্র জ্বালা

**১৯. 'অম্বর'—এর প্রতিশব্দ কী?**
ক পৃথিবী খ অগ্নি
গ আকাশ ঘ জল

Teachingbd.com

http://teachingbd.com

২০. '<u>প্রসারণ</u>' শব্দটির বিপরীতার্থক শব্দ কোনটি?
ক অপসারণ  খ আকুঞ্চন
গ কুঞ্চিত  ঘ প্রসারণ

২১. নির্দিষ্ট পরিবেশে মানুষের বস্তু ও ভাবের প্রতীক কোনটি?
ক শব্দ  খ বাক্য
গ পদ  ঘ অক্ষর

২২. 'চশমা' কোন ভাষার শব্দ?
ক আরবি  খ ফারসি
গ পর্তুগিজ  ঘ ওলন্দাজ

২৩. আলোচনার বিষয়বস্তু অনুসারে বাংলা ব্যাকরণকে কয়টি অংশে বিভক্ত করা হয়েছে?
ক ২টি  খ ৩টি
গ ৪টি  ঘ ৫টি

২৪. কোন ধ্বনিগুলো উচ্চারণের সময় জিহ্বা পিছিয়ে আসে?
ক ই, উ  খ ই, ঈ
গ ই, উ  ঘ উ, ঊ

২৫. ই-কারান্ত ও উ-কারান্ত উপসর্গের পর কতগুলো ধাতুতে কী হয়?
ক 'স' হয়  খ 'উ' হয়
গ 'ষ' হয়  ঘ 'ই' হয়

২৬. প্রাকৃত বাংলা ব্যঞ্জনসন্ধি কীসের নিয়মে সাধিত হয়?
ক সমীভবন  খ বিষমীভবন
গ অসমীভবন  ঘ ধ্বনি বিপর্যয়

২৭. স্বরধ্বনির পরে ব্যঞ্জনধ্বনি এলে সন্ধিতে কী ধরনের পরিবর্তন হয়?
ক স্বরধ্বনি দ্বিত্ব হয়
খ ব্যঞ্জনধ্বনি লোপ পায়
গ ব্যঞ্জনধ্বনি দ্বিত্ব হয়

২৮. কোন পুরুষবাচক শব্দকে বিশেষ নিয়মে স্ত্রীবাচক করা যায়?
ক কুমার  খ রজক
গ নর্তক  ঘ রাজা

২৯. দ্বিরুক্তির আরেক নাম কী?
ক দ্বিতীয় উক্তি  খ অনুক্ত উক্তি
গ শব্দ দ্বৈত  ঘ শব্দ যুগল

৩০. বাংলা ভাষার তারিখবাচক শব্দগুলোর প্রথম চারটি কোন ভাষার নিয়মে সাধিত?
ক সংস্কৃত  খ ফারসি
গ হিন্দি  ঘ ইংরেজি

৩১. চলিত রীতিতে খাঁটি শব্দের বহুবচনে নিচের কোনটি ব্যবহৃত হয়?
ক গণ  খ সকল
গ মালা  ঘ রা

৩২. 'টো' পদাশ্রিত নির্দেশকটি কেবল কোন সংখ্যাবাচক শব্দের সাথে ব্যবহৃত হয়?
ক ৫  খ ৪
গ ৩  ঘ ২

৩৩. 'মহাকীর্তি' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?
ক মহান কীর্তি যার
খ মহা যে কীর্তি
গ মহতী যে কীর্তি
ঘ মহান যে কীর্তি

৩৪. উপকরণবাচক বিশেষ্য পদ পূর্বপদে বসে কোন তৎপুরুষ সমাস হয়?
ক ২য়া  খ ৩য়া
গ ৪র্থী  ঘ ৫মী

৩৫. 'বেমালুম' শব্দটিতে 'বে' কোন উপসর্গ ও 'মালুম' কোন শব্দ?
ক উর্দু, হিন্দি  খ হিন্দি, সংস্কৃত
গ ফারসি, আরবি  ঘ ফারসি, বাংলা

৩৬. অপভ্রংশের মাধ্যমে কোন ধাতু আমাদের ভাষায় এসে গেছে?
ক সংস্কৃত ধাতু
খ মৌলিক ধাতু
গ সাধিত ধাতু
ঘ খাঁটি বাংলা ধাতু

৩৭. কর্ম ও ভাববাচ্যের ধাতুর পরে কোন প্রত্যয় হয়?
ক নক  খ তব্য
গ নিন  ঘ শানচ্

৩৮. 'অপত্য' অর্থে 'ষ্ণ্য' প্রত্যয় যুক্ত হয়েছে নিচের কোনটিতে?
ক জামদগ্ন্য  খ মানব
গ যাদব  ঘ দাশরথি

৩৯. কোনটি কৃদন্ত পদ যোগে বিশেষ গঠিত হয়েছে?
ক অনাগত দিন  খ চৌচালা ঘর
গ পায়ে চলা পথ  ঘ নির্জলা মিথ্যে

৪০. ভাব প্রকাশের দিক থেকে ক্রিয়া পদকে কয় ভাগে ভাগ করা যায়?
ক দুই ভাগে  খ তিন ভাগে
গ চার ভাগে  ঘ পাঁচ ভাগে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | গ | ১০ | খ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | খ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ |
| | ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | গ | ৩১ | খ | ৩২ | ঘ | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | ঘ | ৩৭ | খ | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | ক |

Teachingbd.com

http://teachingbd.com